



স্মারক নং- ধবিম/হ:শা:/৪-২১৭/২০১৩-২১৫

তারিখ: ০৯ চৈত্র ১৪২৬
২৩ মার্চ ২০২০

বিষয়: কারণ দর্শানোর নোটিশ

যেহেতু আপনি জনাব মোঃ ওমর ফারুক ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী হিসেবে Siam Travel & Tour (HL-1196), Paramounthits, Room-224, Ground Floor, 65/2-1, Box Calvart Road, Purana palton, Dhaka এর মালিক/মোনাঞ্জেম হিসেবে দায়িত্ব পালন করেছেন; এবং

০২। যেহেতু বেসরকারি ব্যবস্থাপনায় হজ যাত্রী প্রেরণ বিষয়ে আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এ বর্ণিত শর্তাদি পালনে অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

০৩। যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে এ.টি.এম জালাল উদ্দিনসহ ০৪ জন কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, মক্কা আল-মোকাবেস, সৌদি আরব বরাবর নিম্নরূপ অভিযোগ দাখিল করেন:

“ফাইভ স্টার হোটেলে রাখার চুক্তিতে জনপ্রতি ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা নিয়ে সাফা টাওয়ার নিম্নমানের কক্ষে রাখা/মদিনায় দুর্গন্ধযুক্ত ফ্যামিলি বাসায় রাখা এবং পরবর্তীতে অন্য হোটেলে গাদাগাদি করে রাখা। তাছাড়া নিম্নমানের খাবার দেয়া।” এবং

০৪। যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ বাংলাদেশে গঠিত তদন্ত কমিটি তদন্ত করেছে এবং তদন্ত কমিটি শাস্তির সুপারিশ করেছে; এবং

০৫। যেহেতু জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.১ এ বর্ণিত শাস্তির কারণসমূহ বিদ্যমান;

০৬। সেহেতু কেন আপনার পরিচালিত Siam Travel & Tour (HL-1196) এর বিরুদ্ধে জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.২ এ বর্ণিত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ০৩ (তিন) দিনের মধ্যে আপনি নিজে অথবা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে লিখিতভাবে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৬.০৬.২০২০

আবুল কাশেম মুহাম্মদ শাহীন

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৪৬২৮৫

e-mail: morahajsection@gmail.com

জনাব আলহাজ্ব সানাউল্লাহ ভূইয়া

স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক

Siam Travel & Tour (HL-1196)

Paramounthits, Room-224, Ground Floor, 65/2-1, Box Calvart Road

Puranapalton, Dhaka.

স্মারক নং- ধবিম/হ:শা:/৪-২১৭/২০১৩-২১৫

তারিখ: ২৩.০৩.২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৪. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
৫. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৬. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
৮. অফিস কপি।

২৬.০৬.২০২০

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
সিনিয়র সহকারী সচিব